গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল
dirdshebarisal@gmail.com

৪.১.২

স্মারক নং ঃ মাউশি/বরি/২০২৩/২০

তারিখঃ ০৫.০১.২০২৩ খ্রি.

বিষয় ঃ বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০২২-২৩ অর্থ বছরের ৪.১.২ সূচকের (২য় ত্রৈমাসিক) আঞ্চলিক কার্যালয়, বরিশাল কর্তৃক জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ, বাল্যবিবাহ রোধ, মাদকবিরোধী প্রচার-প্রচারণা, বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের প্রস্তুতি ও অন্যান্য বিষয়ক অধ্যক্ষবৃন্দের সাথে সভা আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের মর্মানুযায়ী জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল এর বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০২২-২৩ অর্থ বছরের ৪.১.২ সূচকের (২য় ত্রৈমাসিক) আঞ্চলিক কার্যালয় কর্তৃক সম্মানিত অধ্যক্ষগণের সাথে জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ, বাল্যবিবাহ রোধ, মাদকবিরোধী প্রচার-প্রচারণা, বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের প্রস্তুতি ও অন্যান্য বিষয়ক সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভার নোটিস ও কার্যবিবরণী সদয় অবগতি ও কার্যার্থে এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

০৫.০১.২০২৩

প্রফেসর মোঃ মোয়াজ্জেম হোসেন-৭৩৭৩
পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল
dirdshebarisal@gmail.com

স্মারক নং-মাউশি/বরি/২০২২/ ৮১৫ তারিখ: ০৮.১১.২০২২ খ্রি.

বিষয় ঃ Zoom Platform ব্যবহার করে জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ, বাল্যবিবাহ রোধ, মাদকবিরোধী প্রচার-প্রচারণা, বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের প্রস্তুতি ও অন্যান্য বিষয়ক মতবিনিময় সভায় অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের মর্মানুযায়ী জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চলের সরকারি/বেসরকারি কলেজ ও স্কুল এন্ড কলেজের অধ্যক্ষবৃন্দকে নিম্নোক্ত সূচি অনুযায়ী Zoom Platform ব্যবহার করে ভার্চুয়াল মিটিং-এ অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য বিষয়ঃ** ০১। জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ, বাল্যবিবাহ রোধ, মাদকবিরোধী প্রচার-প্রচারণা, বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের প্রস্তুতি ও অন্যান্য বিষয়ক
০২। বিবিধ।

## সূচি

| তারিখ ও সময় | আইডি | পাসওয়ার্ড |
|---|---|---|
| **০৯.১১.২০২২ খ্রি. সকাল -১১.০০টা** | 876 3286 0310 | 601984 |

অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ ও স্কুল এন্ড কলেজ (নির্বাচিত)
বরিশাল অঞ্চল, বরিশাল।

০৮.১১.২০২২
প্রফেসর মোঃ মোয়াজ্জেম হোসেন-৭৩৭৩
পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল

স্মারক নং-মাউশি/বরি/২০২২/ ৮১৫ তারিখ: ২৫.০৭.২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ
১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ ঢাকা।
২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৩। সংরক্ষণ নথি।

০৮.১১.২০২২
প্রফেসর মোঃ মোয়াজ্জেম হোসেন-৭৩৭৩
পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল কর্তৃক সরকারি/বেসরকারি কলেজের সম্মানিত অধ্যক্ষবৃন্দের সাথে ০৯.১১.২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ, বাল্যবিবাহ রোধ, মাদকবিরোধী প্রচার-প্রচারণা, বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের প্রস্তুতি ও অন্যান্য বিষয়ক সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহঃ

| ক্রম. | আলোচ্য বিষয়সমূহ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকতা |
|---|---|---|---|---|
| ০১ | জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ, বাল্যবিবাহ রোধ, মাদকবিরোধী প্রচার-প্রচারণা, বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের প্রস্তুতি ও অন্যান্য বিষয়ক | ১) শিক্ষাঙ্গনে শিক্ষার্থীদের জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ ও মাদকা সেবন কর্মকান্ডের সাথে জড়িত হওয়া এবং বাল্যবিবাহের প্রবণতা বৃদ্ধি পাওয়ায় শিক্ষক, অভিভাবক এবং শিক্ষা কর্মকর্তাদের করণীয় বিষয়ক আলোচনা করা হয়। | ক) প্রতি তিন মাসে অন্তত একবার অভিভাবক, শিক্ষার্থী গণ্যমানন্য ব্যক্তিবর্গ, সমাজ সেবক, শিক্ষানুরাগীদের নিয়ে সভা/সেমিনানের আয়োজন করে জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ, বাল্যবিবাহ, মাদক সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠানে প্রকৃত শিক্ষক-শিক্ষার্থীর তালিকা প্রস্তুত করা এবং তাদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করা।<br>খ) প্রাকৃতিক দুর্যোগ প্রবণ এলাকা হওয়ায় সম্ভাব্য প্রাকৃতিক দুর্যোগের প্রস্তুতি গ্রহণ ও সচেতনতামূলক প্রচারপত্র বিতরণের সিদ্ধান্ত গৃহীত। | সরকারি/বেসরকারি কলেজ ও স্কুল এন্ড কলেজের অধ্যক্ষবৃন্দ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সম্মানিত সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৯.১১.২০২২
প্রফেসর মোঃ মোয়াজ্জেম হোসেন-৭৩৭৩
পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল




বাল্যবিবাহ করিবার শাস্তি

৭। (১) প্রাপ্ত বয়স্ক কোন নারী বা পুরুষ বাল্যবিবাহ করিলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ১ (এক) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন এবং অর্থদণ্ড অনাদায়ে অনধিক ৩ (তিন) মাস কারাদণ্ডে দণ্ডনীয় হইবেন।

(২) অপ্রাপ্ত বয়স্ক কোন নারী বা পুরুষ বাল্যবিবাহ করিলে তিনি অনধিক ১ (এক) মাসের আটকাদেশ বা অনধিক ৫০,০০০ (পঞ্চাশ) হাজার টাকা জরিমানা বা উভয় ধরনের শাস্তিযোগ্য হইবেন:

(৩) উপ-ধারা (২) এর অধীন বিচার ও শাস্তি প্রদানের ক্ষেত্রে শিশু আইন, ২০১৩ (২০১৩ সনের ২৪ নং আইন) এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

বাল্যবিবাহ সংশ্লিষ্ট পিতা-মাতাসহ অন্যান্য ব্যক্তির শাস্তি

৮। পিতা-মাতা, অভিভাবক অথবা অন্য কোন ব্যক্তি, আইনগতভাবে বা আইনবহির্ভূতভাবে কোন অপ্রাপ্ত বয়স্ক ব্যক্তির উপর কর্তৃত্ব সম্পন্ন হইয়া বাল্যবিবাহ সম্পন্ন করিবার ক্ষেত্রে কোন কাজ করিলে অথবা করিবার অনুমতি বা নির্দেশ প্রদান করিলে অথবা স্বীয় অবহেলার কারণে বিবাহটি বন্ধ করিতে ব্যর্থ হইলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনধিক ২ (দুই) বৎসর ও অন্যূন ৬ (ছয়) মাস কারাদণ্ড বা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন এবং অর্থদণ্ড অনাদায়ে অনধিক ৩ (তিন) মাস কারাদণ্ডে দণ্ডনীয় হইবেন।

বাল্যবিবাহ সম্পাদন বা পরিচালনা করিবার শাস্তি

৯। কোন ব্যক্তি বাল্যবিবাহ সম্পাদন বা পরিচালনা করিলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনধিক ২ (দুই) বৎসর ও অন্যূন ৬ (ছয়) মাস কারাদণ্ড বা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন এবং অর্থদণ্ড অনাদায়ে অনধিক ৩ (তিন) মাস কারাদণ্ডে দণ্ডনীয় হইবেন।

বাল্যবিবাহ বন্ধে উদ্যোগী হইবার শর্তে বাল্যবিবাহের অভিযোগ হইতে অব্যাহতি

১০। এই আইনের অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, আদালতের নিকট উপযুক্ত বলিয়া বিবেচিত হইলে বাল্যবিবাহের উদ্যোগের সহিত জড়িত বিবাহ সম্পন্ন হয় নাই এইরূপ অভিযুক্ত যে কোন ব্যক্তি, বিধি দ্বারা নির্ধারিত ফরমে, যদি এই মর্মে মুচলেকা বা বণ্ড প্রদান করেন যে, তিনি ভবিষ্যতে বাল্যবিবাহের সহিত সম্পৃক্ত হইবেন না এবং তাহার নিকটবর্তী এলাকায় বাল্যবিবাহ বন্ধে উদ্যোগী হইবেন তাহা হইলে মুচলেকা বা বণ্ডের শর্তানুযায়ী তাহাকে তাহার বিরুদ্ধে আনীত অভিযোগ হইতে অব্যাহতি প্রদান করা যাইবে।

বাল্যবিবাহ নিবন্ধনের জন্য বিবাহ নিবন্ধনের শাস্তি, লাইসেন্স বাতিল

১১। কোন বিবাহ নিবন্ধক বাল্যবিবাহ নিবন্ধন করিলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনধিক ২ (দুই) বৎসর ও অন্যূন ৬ (ছয়) মাস কারাদণ্ড বা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন এবং অর্থদণ্ড অনাদায়ে অনধিক ৩ (তিন) মাস কারাদণ্ডে দণ্ডনীয় হইবেন এবং তাহার লাইসেন্স বা নিয়োগ বাতিল হইবে।

বয়স প্রমাণের দলিল

১২। বিবাহ বন্ধনে আবদ্ধ বা আবদ্ধ হইতে ইচ্ছুক নারী বা পুরুষের বয়স প্রমাণের জন্য জন্ম নিবন্ধন সনদ, জাতীয় পরিচয় পত্র, মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষার সার্টিফিকেট, জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষার সার্টিফিকেট, প্রাইমারি স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষার সার্টিফিকেট অথবা পাসপোর্ট আইনগত দলিল হিসাবে বিবেচিত হইবে।

ক্ষতিপূরণ প্রদান

১৩। (১) এই আইনের অধীন আরোপিত অর্থদণ্ড হইতে প্রাপ্ত অর্থ ক্ষতিগ্রস্ত পক্ষকে ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে হইবে।

অপরাধের আমলযোগ্যতা, জামিনযোগ্যতা এবং অ-আপোষযোগ্যতা

১৪। এই আইনের অধীন সংঘটিত অপরাধ আমলযোগ্য, জামিনযোগ্য এবং অ-আপোষযোগ্য হইবে।

**প্রচারেঃ- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল**